# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 31-07-2025 Time: 7.35 A.M.**

## বিশেষ বিশেষ খবরঃ-

১) রাজ্য সফররত রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ রাজভবনে বিশিষ্ট ব্যক্তিদের সঙ্গে বৈঠক করবেন। এরপর দেওঘরের উদ্দেশ্যে রওনা দেবেন তিনি।

২) সুপ্রিম কোর্টের নির্দেশে আপাতত ওবিসি সংরক্ষণ সংক্রান্ত জটিলতা কাটায় জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষার ফল শীঘ্রই প্রকাশিত হবে।

৩) হুগলীর কোণনগরে তৃণমূল কংগ্রেসের পঞ্চায়েত সদস্যকে কুপিয়ে খুন,এলাকায় চাঞ্চল্য।

৪) ভোটার কার্ড তৈরি হওয়ার মাত্র ১৫ দিনের মধ্যেই সংশ্লিষ্ট ভোটারের কাছে তা পৌঁছে দিতে উদ্যোগী হয়েছে নির্বাচন কমিশন।

৫) আসন্ন শারদোৎসবে প্রস্তুতিতে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ পুজো কমিটিগুলির সঙ্গে বৈঠকে বসছেন।

৬) ডুরান্ড কাপ ফুটবলে আজ মোহনবাগান সুপার জায়ান্ট মহামেডান স্পোর্টিং এর মুখোমুখি হবে।

oooooooooooooooo

রাজ্য সফররত রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ রাজভবনে বিশিষ্ট ব্যক্তিদের সঙ্গে বৈঠক করবেন। এরপর তিনি ঝাড়খন্ডের দেওঘরের উদ্দেশে রওনা হবেন। নদীয়ার কল্যাণীতে গতকাল অখিল ভারতীয় আয়ুর্বিজ্ঞান সংস্থান এইমস-এর প্রথম সমাবর্তনে যোগ দিয়ে দীক্ষান্ত ভাষণে রাষ্ট্রপতি বলেন, এই প্রতিষ্ঠান থেকে পাশ করে বেরনো ডাক্তারদের দরিদ্র মানুষের সেবায় নিয়োজিত হতে হবে। নদীয়া জেলা চৈতন্য মহাপ্রভু, নীলদর্পনের লেখক দীনবন্ধু মিত্র, বিপ্লবী বাঘাযতীন এবং প্রাক্তন মুখ্যমন্ত্রী ডক্টর বিধানচন্দ্র রায়ের মত মহান ব্যক্তিত্বদের পূণ্য ভূমি বলে উল্লেখ করে শ্রীমতি মুর্মু বলেন, কল্যাণী এইমসকেও সেই ধারা বয়ে নিয়ে যেতে হবে।

কল্যাণী থেকে রাষ্ট্রপতি দক্ষিণেশ্বরে ভবতারিণী মায়ের মন্দিরে পুজো দিতে যান। তিনি রামকৃষ্ণ পরমহংস দেবের ঘর দর্শনের পাশাপাশি লোকমাতা রাণী রাসমণী, সারদা দেবী এবং স্বামী বিবেকানন্দের প্রতিও শ্রদ্ধা নিবেদন করেছেন।

oooooooooooooooo

রাষ্ট্রপতির সফরের জন্য ব্যস্ত থাকার কারণে তথ্য ও সংস্কৃতি দফতরের সচিবের টলিউডের পরিচালক ও ফেডারেশনের সদস্যদের সঙ্গে বৈঠকের সময় এবং আদালতে শুনানির দিন পিছিয়ে গেছে। গতকালের বদলে ওই বৈঠক হচ্ছে আগামীকাল। আদালতে শুনানি আগামী ৮ অগস্টের পরিবর্তে হবে **১১** অগস্ট।এব্যাপারে কলকাতা হাইকোর্টের বিচারপতি অমৃতা সিনহার দৃষ্টি আকর্ষণ করা হলে তিনিই এই নির্দেশ দেন।

oooooooooooooooo

সুপ্রিম কোর্টের নির্দেশে আপাতত ওবিসি সংরক্ষণ সংক্রান্ত জটিলতা কাটায় পরীক্ষার ফল প্রকাশের প্রস্তুতি শুরু করেছে রাজ্য জয়েন্ট এন্ট্রান্স বোর্ড। বোর্ডের

তরফে জানানো হয়েছে, গতকাল উচ্চ শিক্ষা দপ্তরের তরফে তাদের নির্দেশিকা পাঠানো হয়েছে। সেই নির্দেশিকা মেনে পরবর্তী পদক্ষেপ নেওয়া হবে। আজ সল্টলেকের রূপান্ন ভবনে সাংবাদিক বৈঠক করে ফলপ্রকাশ সংক্রান্ত বিষয়ে আলোকপাত করবে জয়েন্ট এন্ট্রান্স বোর্ড। গত ২৭ এপ্রিল জয়েন্ট এন্ট্রান্স বোর্ড ইঞ্জিনিয়ারিংয়ের প্রবেশিকা পরীক্ষা নেয়। তারপর প্রায় তিন মাস পেরিয়ে গেলেও ফল প্রকাশ হয়নি। ওবিসি সংক্রান্ত মামলা নিয়ে জটিলতার কারণেই তা আটকে ছিল বলে বোর্ডের তরফে জানানো হয়।

উল্লেখ্য, রাজ্য জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষার ফলাফল প্রকাশ না করার জন্য এর আগে কলকাতা হাইকোর্ট রাজ্য সরকার ও সংশ্লিষ্ট বোর্ডের কাছে হলফনামা তলব ৭'ই আগস্টের_মধ্যে ফল প্রকাশের দিন আদালতকে জানানোর জন্য বোর্ডকে নির্দেশ দেওয়া হয়।

এদিকে, ওবিসি মামলায় কলকাতা হাইকোর্টের নির্দেশের ওপর সুপ্রিম কোর্ট অন্তর্বর্তী স্থগিতাদেশ দেওয়ার পর উচ্চশিক্ষা দফতর কলেজে ভর্তির অভিন্ন পোর্টালে আবেদনকারী পড়ুয়াদের জাতিগত শংসাপত্র আপলোড ও ভর্তির পছন্দক্রম পরিবর্তনের সুযোগ দিচ্ছে। আগামীকাল রাত ১১ টা ৫৯ মিনিট পর্যন্ত আবেদনকারীরা তা করতে পারবেন।

oooooooooooooooo

হুগলির কোন্নগরে তৃণমূল কংগ্রেসের পঞ্চায়েত সদস্যকে কুপিয়ে খুনের ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে। গত সন্ধ্যায় পিন্টু চক্রবর্তী ওরফে মুন্না কানাইপুর অটোস্ট্যান্ডের কাছে নিজের গ্যাস অফিস থেকে বাড়ি ফিরছিলেন। সেইসময় হঠাৎই দুই দুষ্কৃতী ধারালো অস্ত্র দিয়ে তাঁকে এলোপাথাড়ি কোপাতে শুরু করে। তাঁর শরীর থেকে একটা হাত প্রায় বিচ্ছিন্ন হয়ে যায়। গুরুতর জখম অবস্থায় তাকে প্রথমে কানাইপুর হাসপাতাল এবং পরে অবস্থার অবনতি হওয়ায়

কলকাতার এস এস কে এম এ নিয়ে আসা হলে চিকিৎসকরা মৃত ঘোষণা করেন। দুষ্কৃতীদের সন্ধানে তল্লাশি চলছে। খতিয়ে দেখা হচ্ছে এলাকার সিসিটিভি ফুটেজ।

oooooooooooooooo

ভোটার কার্ড তৈরি হওয়ার মাত্র ১৫ দিনের মধ্যেই সংশ্লিষ্ট ভোটারের কাছে তা পৌঁছে দিতে উদ্যোগী হয়েছে নির্বাচন কমিশন। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতরে গতকাল ডাক ও তার বিভাগের আধিকারিক এবং সরস্বতী প্রেসের প্রতিনিধিদের উপস্থিতিতে এক গুরুত্বপূর্ণ বৈঠকে এই সিদ্ধান্ত হয়েছে। সরস্বতী প্রেসে ভোটার কার্ড ছাপানোর পর, সেখান থেকে কলকাতার জি পি ও মারফত সরাসরি সংশ্লিষ্ট ভোটারদের ঠিকানায় পাঠানো হবে। এর ফলে ভোটার কার্ড প্রস্তুত হওয়ার ১৫ দিনের মধ্যে তা আবেদনকারি হাতে পাবেন বলে কমিশন আশাবাদী।

উল্লেখ্য, এতদিন পর্যন্ত ভোটার কার্ড তৈরি হওয়ার পর তা প্রথমে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর এবং সেখান থেকে জেলা স্তরে যেত। এরপর স্থানীয় পোস্ট অফিস মারফত ভোটারের ঠিকানায় তা পাঠানো হত । এই দীর্ঘমেয়াদি প্রক্রিয়ায় বহু ক্ষেত্রেই ভুল ঠিকানায় কার্ড পৌঁছনো বা হারিয়ে যাওয়ার অভিযোগ উঠছিলো।

oooooooooooooooo

নির্বাচন কমিশনের বিরুদ্ধে আপত্তিকর মন্তব্যের জন্য মুখ্যমন্ত্রীকে রাজনীতি থেকে নিষিদ্ধ করা উচিত বলে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার দাবি করেছেন। দিল্লিতে গতকাল সাংবাদিকদের প্রশ্নের উত্তরে সুকান্তবাবু বলেন, নির্বাচন কমিশন ভোটার তালিকা নিবিড় সংশোধনের সিদ্ধান্ত নিয়েছে। তারা সেই কাজ অবশ্যই করবে।

বাইট - সুকান্ত)

এদিকে, ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন কর্মসূচি - SIR কে কটাক্ষ করেছেন তৃণমূল কংগ্রেসের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়। নতুন দিল্লিতে সংসদ ভবন চত্বরে সাংবাদিকদের তিনি বলেন, এটি আসলে অদৃশ্য রিগিং, যা বিজেপির পক্ষ নিয়ে নির্বাচন কমিশন চালাচ্ছে।

(বাইট - অভিষেক)

উল্লেখ্য, এসআইআর-র বিরুদ্ধে গতকালও সংসদ ভবন চত্বরে বিক্ষোভ দেখান তৃণমূল কংগ্রেস সাংসদরা।

oooooooooooooooo

দিল্লিতে মালদার চাঁচোলের পরিযায়ী শ্রমিকের পরিবারকে হেনস্থার অভিযোগ দিল্লি পুলিশ খারিজ করে দেওয়ার পর গতকাল ওই পরিবারের সদস্যদের নিয়ে সাংবাদিক সম্মেলন করে তৃণমূল কংগ্রেস। পরিবারের সদস্য সাজিনুর পারভিন জানিয়েছেন, নির্যাতনের জেরে তারা কোনরকমে দিল্লি থেকে পালিয়ে এসেছেন।

যদিও এই ঘটনাকে সম্পূর্ন ভুয়ো বলে দাবি করেছেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। হুগলির পুড়শুরায় গতকাল কন্যা সুরক্ষা যাত্রায় অংশ নিয়ে বিরোধী দলনেতা বলেন, বাংলাদেশী ও রোহিঙ্গাদের রক্ষা করার চেষ্টা করছে মমতা ব্যানার্জির সরকার।

(বাইট-শুভেন্দু)

এদিকে, বিজেপি শাসিত রাজ্যগুলিতে বাংলা ভাষী মানুষদের হেনস্থা ও নিগ্রহের অভিযোগে আজ কলকাতায় প্রতিবাদ মিছিল করবে প্রদেশ কংগ্রেস। প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকারের নেতৃত্বে ওই প্রতিবাদ মিছিল কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের জোড়াসাঁকো ঠাকুরবাড়ি থেকে উত্তর কলকাতায় স্বামীজীর

বাড়ি, উমেশচন্দ্র ব্যানার্জীর বাড়ি হয়ে কলেজ স্কয়ারে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের মূর্তির পাদদেশ পর্যন্ত যাবে ।

০০০০০০০০০০০০০০০০

আসন্ন শারদোৎসবের প্রস্তুতিতে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ পূজো কমিটিগুলির সঙ্গে বৈঠকে বসছেন। নেতাজি ইন্ডোর স্টেডিয়ামে এই সমন্বয় বৈঠকে কলকাতা ও লাগোয়া শহরতলীর পূজো কমিটিগুলির প্রতিনিধিদের পাশাপাশি প্রশাসনের শীর্ষ আধিকারিক, কলকাতা পুরসভা, দমকল, সিইএসসি, পুলিশ ও স্বাস্থ্য দপ্তরের শীর্ষকর্তাদের উপস্থিত থাকতে নির্দেশ দেওয়া হয়েছে। ওই বৈঠক থেকেই পুজোকমিটিগুলিকে চলতি বছরের সরকারি অনুদান দেওয়ার কথা ঘোষণা করতে পারেন মুখ্যমন্ত্রী। এছাড়া রাজ্য সরকারের পক্ষ থেকে বৈঠকে পরিবেশবান্ধব পুজো, শব্দবিধি, যান চলাচল ও নিরাপত্তা সংক্রান্ত একাধিক দিকনির্দেশও দেওয়া হবে। মুখ্যমন্ত্রীর নির্দেশে বৈঠকে হিন্দু, মুসলিম, খ্রিস্টান, শিখ-সহ বিভিন্ন সম্প্রদায়ের প্রতিনিধিদেরও আমন্ত্রণ জানানো হয়েছে বলে প্রশাসনিক সূত্রে খবর।

০০০০০০০০০০০০০০০০

করম পূজা উপলক্ষ্যে আগামী ৩ সেপ্টেম্বর রাজ্য সরকার ছুটি ঘোষণা করেছে। অর্থ দফতরের তরফে প্রকাশিত এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, ওইদিন সব সরকারি দফতর, পুরসভা, ত্রিস্তর পঞ্চায়েত, ও শিক্ষাপ্রতিষ্ঠানে ছুটি থাকবে। ছুটি পাবেন চা-বাগানের আদিবাসী জনগোষ্ঠীর কর্মীরাও।

উল্লেখ্য, ২০২৩ সালে প্রথম এই উৎসবে পূর্ণাঙ্গ ছুটির কথা ঘোষণা করেছিলেন মুখ্যমন্ত্রী।

০০০০০০০০০০০০০০০০

দার্জিলিং-এর কাকঝোড়াতে বনদফতরের আবাসনে গতরাতে আগুন লাগে। এর জেরে আবাসনের একটি ঘর ক্ষতিগ্রস্ত হয়েছে। দমকলের তিনটি গাড়ি

ঘটনাস্থলে পৌঁছে এক ঘন্টার চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আনে। হতাহতের কোন খবর নেই।

০০০০০০০০০০০০০০০০

ঘূর্ণাবর্ত এবং মৌসুমী অক্ষরেখার প্রভাবে উত্তর ও দক্ষিণবঙ্গে আগামী কয়েকদিন বিক্ষিপ্তভাবে মাঝারি থেকে ভারী এবং কোন কোন জায়গায় ভারী থেকে অতি ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে। আগামী শনিবার থেকে উত্তরবঙ্গে বৃষ্টির পরিমাণ বাড়বে বলেও জানিয়েছেন আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান ডঃ সোমনাথ দত্ত।

(বাইট)

এদিকে, পশ্চিম মেদিনীপুরের ঘাটালে সাম্প্রতিক বন্যা পরিস্থিতি নিয়ে গতকাল উচ্চ পর্যায়ের প্রশাসনিক বৈঠক অনুষ্ঠিত হয়। ঘাটালের সাংসদ দীপক অধিকারী, জেলা শাসক, জেলা পুলিশ সুপার সহ অন্যান্য আধিকারিকরা সেকাহ্নে উপস্থিত ছিলেন। পরে সাংবাদিকদের সাংসদ বলএন, ঘাটালের মাস্টার প্ল্যানের জন্য রাজ্য সরকার নতুন নক্সা গ্রহণ করেছে। সেই অনুসারে আগের থেকে ৪০ শতাংশ কম জমি লাগবে বলে তিনি জানান।

০০০০০০০০০০০০০০০০০০

একটানা বৃষ্টি ও জল জমার কারণে দক্ষিণবঙ্গের একাধিক জেলায় গত দু'মাসে ডেঙ্গু সংক্রমণ উদ্বেগজনক হারে বেড়েছে। স্বাস্থ্য দফতর সূত্রে জানা গেছে, এইসময় শুধু দক্ষিণবঙ্গেই আড়াই হাজারের বেশি ডেঙ্গু আক্রান্তের হদিস মিলেছে। ডেঙ্গু সংক্রমণে শীর্ষে রয়েছে মুর্শিদাবাদ, যেখানে গত দু'মাসে ৪৬৯ জন আক্রান্ত হয়েছেন। দ্বিতীয় স্থানে রয়েছে উত্তর ২৪ পরগনা। উত্তরবঙ্গের মালদা জেলাতেও ডেঙ্গুর প্রকোপ উর্ধ্বমুখী। গত দু'মাসে সেখানে আক্রান্তের সংখ্যা ২৫০ ছাড়িয়েছে। স্বাস্থ্য দফতর জানিয়েছে, চলতি বছর শুরুর দিকে ডেঙ্গু সংক্রমণ অনেকটাই

নিয়ন্ত্রণে ছিল। কিন্তু টানা বৃষ্টির জেরে জল জমে থাকায় মশার বংশবিস্তার বেড়েছে, ফলে গত কয়েক সপ্তাহে হঠাৎ করেই সংক্রমণের হারও বেড়ে গিয়েছে।

oooooooooooooooo

মোহনবাগান সুপার জায়ান্ট, আজ ডুরান্ড কাপ ফুটবল অভিযান শুরু করবে। গ্রুপ বি-র ম্যাচে মোহনবাগান, মহামেডান স্পোর্টিং এর মুখোমুখি হবে। যুবভারতী ক্রীড়াঙ্গনে খেলা শুরু হবে সন্ধে সাতটায়। মহামেডান স্পোর্টিং তাদের প্রথম ম্যাচে ডায়মন্ড হারবার এফসি-র কাছে ১-২ গোলে পরাজিত হয়েছে।

oooooooooooooooooooooooooo

oooooooooooooooooooooooooo